গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০১.২০-১৮৩

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪২৭ ব.
২২ জুলাই ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলায় গত ০৯.০২.২০১৭ তারিখে প্রদত্ত রায়ের আলোকে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন মেধা বিকাশ টেকনিক্যাল এন্ড বি.এম কলেজের প্রভাষক (হিসাবরক্ষণ ২য় পদ) জনাব মো: আব্দুর রহমান সরদার-এর বেতন-ভাতাদি (এমপিও) ছাড়করণ সংক্রান্ত।

সূত্র:
(১) জনাব মো: আব্দুর রহমান সরদার এর আবেদন, তারিখ: ২৪/০২/২০২০ খ্রি:
(২) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১.১৫.২১৮, তারিখ: ১৭/০৪/২০১৬ খ্রি.।
(৩) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০১.২০-১৪৫, তারিখ: ১৫/০৩/২০২০ খ্রি.।
(৪) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.১৩৪.১৯৪৯, তারিখ: ২৪/০৩/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন মেধা বিকাশ টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ এর প্রভাষক (হিসাবরক্ষণ-২) জনাব মো: আব্দুর রহমান সরদার কর্তৃক গত ১৮/৮/২০১৪ তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ২০/০৮/১৪ তারিখে বর্ণিত প্রতিষ্ঠানে যোগদান করা হয়। পরবর্তীতে মার্চ/১৬ মাসে ডিটিই কর্তৃক ইনডেক্স নং-১৬২০৩০৬০ তে এমপিওভুক্ত করা হয় মর্মে সূত্রোক্ত (১) আবেদনে উল্লেখ করা হয়েছে।

২। পরবর্তীতে ডিটিই কর্তৃক ১৭/৪/২০১৬ তারিখে সূত্রোক্ত (২) স্মারকমূলে বোর্ড এ্যাফিলিয়েশনের পত্রটি জালিয়াতির অভিযোগে প্রভাষক জনাব মো: আব্দুর রহমান সরদার এর বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) এপ্রিল/১৬ হতে স্থগিত করা হয়।

৩। এর ফলে বর্ণিত প্রভাষক জনাব মো: আব্দুর রহমান সরদার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় ০৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ ছিল নিম্নরুপ-

The impugned decdision of the respondents stopping salary (MPO) of the petitioner is hereby declared to have been passed without lawful authority and as such of no legal effect.

The respondent No. 4 Directior (PIEU), Directorate of Technical Education, F-4B, Sher-E-Bangla Nagar, Dhaka-1207 is hereby directed to release government portion of salary, Monthly Pay Order (M.P.O) of the petitioner with effect from April/2016 along with festival bonuses, if any, within 1 (one) month on receipt of this judgment and order without any fail.

৪। রিট মামলার উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিপিএলএ নং-৪০৪৩/২০১৭ দায়ের করা হয়। উক্ত আপীল মামলায় গত ০৯/০২/২০২০ তারিখের রায়/আদেশ নিম্নরুপ-

The leave petition is out of time by 272 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for Leave to Appeal is dismissed as barred by limitation."

৫। মহামান্য হাইকোর্ট এবং সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের সার্টিফাইড কপিসহ উক্ত রায়ের আলোকে বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য পিটিশনার কর্তৃক সচিব, টিএমইডি বরাবর দাখিলকৃত সূত্রোক্ত (১) আবেদনের প্রেক্ষিতে বিষয়টি উপস্থাপন করা হলে সচিব মহোদয় কর্তৃক নিম্নরুপ নির্দেশনা প্রদান করা হয়-

**"দীর্ঘদিন পরে আপীল দায়েরের জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের নাম ঠিকানাসহ জানানো এবং আবেদনের বিষয়ে মতামতসহ একটি প্রতিবেদন আগামী ২৫/০৩/২০২০ এর মধ্যে দাখিলের জন্য ডিজি, ডিটিই কে বলা যায়। ২৭.৩.২০২০ পুনরায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো"**

৬। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী ২৫/০৩/২০২০ এর মধ্যে টিএমইডিতে তথ্যাদি জানানোর জন্য ডিজি, ডিটিই বরাবর ১৫/৩/২০২০ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়।

৭। উক্ত পত্রের প্রেক্ষিতে ডিটিই কর্তৃক সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে প্রেরিত প্রতিবেদনের সারসংক্ষেপ/মতামত নিম্নরুপ-

(ক) রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলার রায়/আদেশের কপি পাওয়া মাত্রই সকল কাগজপত্রাদিসহ আপিল দায়েরের জন্য সিএমপি/সিপি এর প্রস্তাব সলিসিটর উইং বরারব প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, উক্ত মামলার গত ০৯/০২/২০০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ প্রদান করার ০৪ (চার) মাস পূর্বেই সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্বাক্ষরিত ওকালতনামা, অথরাইজেশন লেটার এবং দফাওয়ারী জবাব বিজ্ঞ সলিসিটর বরারব প্রেরণ করা হয়। ডিটিই কর্তৃক উক্ত মামলায় প্রতিদ্বন্দ্বিতাকরণ এবং রায়/আদেশের বিরুদ্ধে আপিল দায়েরকরণে প্রস্তাব প্রেরণে কোন গাফলতি প্রতীয়মান হয় না। সলিসিটর উইং এবং বিজ্ঞ এ.ও.আর কর্তৃক উক্ত মামলা এবং আপিলের বিষয়ে অধিকতর ব্যবস্থা গ্রহণ করলে সরকার পক্ষে আদেশ পাওয়ার সম্ভাবনা ছিল মর্মে প্রতীয়মান হয়।

(খ) রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলায় মহামান্য হাইকোর্টের গত ০৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নং-৪০৪৩/২০১৭ মামলাটি গত ২০/০২/২০২০ খ্রি. তারিখে মহামান্য আপিল বিভাগ কর্তৃক খারিজ হওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগের রায়/আদেশ বাস্তবায়নের নির্দেশনা এবং এ্যাফিলিয়েশনের পত্র জালিয়াতিকরণের জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

চলমান পাতা নং-০২

৮। ডিটিই এর উক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলার ০৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ এর বিরুদ্ধে দীর্ঘদিন পরে আপীল দায়েরের জন্য ডিটিই এর গাফলতি হয়নি বরং সলিসিটর উইং এবং বিজ্ঞ এ.ও.আর কর্তৃক উক্ত মামলা এবং আপিলের বিষয়ে অধিকতর ব্যবস্থা গ্রহণ করলে সরকার পক্ষে আদেশ পাওয়ার সম্ভাবনা ছিল মর্মে প্রতীয়মান হয়।

৯। বর্ণিত প্রেক্ষাপটে রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলার ০৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নং-৪০৪৩/২০১৭ মামলাটি গত ২০/০২/২০২০ খ্রি. মহামান্য আপিল বিভাগ কর্তৃক খারিজ হওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগের রায়/আদেশ বাস্তবায়নের নির্দেশনা এবং এ্যাফিলিয়েশনের পত্র জালিয়াতিকরণের জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে ডিটিই কর্তৃক মতামত প্রদান করা হয়েছে।

১০। যেহেতু ডিটিই কর্তৃক প্রেরিত প্রতিবেদন ও তথ্য প্রমাণক অনুযায়ী রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলার ০৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপিল নং-৪০৪৩/২০১৭ মামলাটি দায়েরের ক্ষেত্রে ডিটিই দায়ী মর্মে প্রতীয়মান হয়না বরং সলিসিটর উইং ও বিজ্ঞ এ.ও.আর এর গাফলতির কারণেই আলোচ্য আপিল মামালটির রায় সরকার প্রতিকূলে ঘোষিত হয়েছে মর্মে স্পষ্ট হয়। এবং যেহেতু উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ বাস্তবায়নসহ এ্যাফিলিয়েশনের পত্র জালিয়াতিকরণের জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে ডিটিই কর্তৃক মতামত প্রদান করা হয়েছে। তাছাড়া মহামান্য হাইকোর্টের রায়/আদেশ বাস্তবায়ন ব্যতীত সরকার পক্ষে আইনগত অন্যকোন সুবিধা পাওয়ারও সম্ভাবনা নেই সেহেতু রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলার ০৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ বাস্তবায়ন তথা পিটিশনার এর বন্ধকৃত বকেয়া বেতন-ভাতাদি ছাড়করণসহ এ্যাফিলিয়েশনের পত্র জালিয়াতিকরণের জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

১১। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং-৬৮১৩/২০১৬ মামলার ০৯/০২/২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ বাস্তবায়ন তথা কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন মেধা বিকাশ টেকনিক্যাল এন্ড বি.এম কলেজের প্রভাষক (হিসাবরক্ষণ ২য় পদ) জনাব মো: আব্দুর রহমান সরদার এর বকেয়া এপ্রিল/২০১৬ মাস হতে চলতি বেতন-ভাতাদি (এমপিও) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(খ) উক্ত প্রতিষ্ঠানে প্রভাষক (হিসাবরক্ষণ ২য় পদ) জনাব মো: আব্দুর রহমান সরদার এর নিয়োগকালীন এ্যাফিলিয়েশনের পত্র জালিয়াতিকরণের জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে (উক্ত সময়ে প্রেযোজ্য) **"বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০"** (মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত), এর ১৮(১) এর (গ) এর বিধান অনুযায়ী (কারণ দর্শানোসহ) প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিকে অবহিত করা;

(গ) বর্তমানে এবং চলমান মামলাগুলো তামাদির কারণে বা জবাব দাখিলে অহেতুক বিলম্বের কারণে সরকারি স্বার্থ যাতে ক্ষুণ্ন না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। **উল্লেখ্য "অনুচ্ছেদ (গ) এর বিষয়টি অতীব জরুরী" মর্মে মাননীয় মন্ত্রী মন্তব্য করেছেন।**

১২। উল্লিখিত অনুচ্ছেদ নং (১১)-এ প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নক্রমে আগামী ২৫/০৮/২০২০ খ্রি. তারিখের মধ্যে (প্রমাণকসহ) টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) 22/07/20
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৮। অধ্যক্ষ, মেধা বিকাশ টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, ডাকঘর- জুম্মাহাট, উপজেলা- উলিপুর, জেলা- কুড়িগ্রাম।
৯। অফিস কপি/মাস্টার কপি।